সংবাদ

তারিখ ... ২।৫।৮৫ ...
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৫ ...

012

# এসএসসি পরীক্ষা ।। বিভিন্ন স্থানে ১৫৭ জন ছাত্রছাত্রী বহিষ্কৃত

গৌরীপুর (ময়মনসিংহ) থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, চলতি এস, এস, সি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য ৪৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে গৌরীপুর কেন্দ্রে ৬ জন, নান্দাইল কেন্দ্রে ১২ জন, ধোবাউড়া কেন্দ্রে ২ জন, পূর্বধলা কেন্দ্রে ২৬ জন মোট ৪৬ জনকে বাংলা ও ইংরেজী পত্রে বহিষ্কার করা হয়েছে। এছাড়া পরীক্ষায় নকল সরবরাহ করার অপরাধে ৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

আক্কেলপুর (জয়পুরহাট) থেকে নিজস্ব সংবাদদাতার খবর: চলতি এস, এস, সি পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে এখানে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

আক্কেলপুর উপজেলার কেন্দ্রে মোট ৫১৭ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ গ্রহণ করছে।

কিশোরগঞ্জ সংবাদদাতা জানান একটি উপকেন্দ্রসহ দু'টি কেন্দ্রে মোট ৭৬৭ জন পরীক্ষার্থী এখানে এস, এস, সি পরীক্ষায় অংশ গ্রহণ করছে এখানে পরীক্ষার প্রথমদিনে ১ জনকে বহিষ্কার করা হয়।

আলমডাঙ্গা (চুয়াডাঙ্গা) থেকে সংবাদদাতা জানান যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতায় চলতি এস, এস, সি পরীক্ষার দ্বিতীয় দিনে আলমডাংগা উপজেলা কেন্দ্র থেকে ৪জন পরীক্ষার্থীকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়েছে।

দিনাজপুর থেকে সংবাদদাতার খবরে জানা গেছে মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনে অসৎ উপায় অবলম্বন ও নকল সরবরাহ করার অপরাধে দিনাজপুরের বিভিন্ন কেন্দ্র হতে ২৮ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার ও ৮জনকে গ্রেফতার করা হয়েছে।

পটিয়া (চট্টগ্রাম) থেকে সংবাদদাতা জানান, চলতি সালের এস, এস, সি পরীক্ষায় লোহাগাড়া ও চুনতি কেন্দ্র হতে ২ দিনে ৩১ জন পরীক্ষার্থী নকল করার অভিযোগে বহিষ্কৃত হয়।

এদিকে চুনতি কেন্দ্রে বহিরাগতদের ভিড়ে পরীক্ষার্থীদের অসুবিধা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান, পরীক্ষার প্রথম দিনে এবার জেলার পরীক্ষা কেন্দ্রগুলো থেকে ৩১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার আর ৬ জন শিক্ষককে কর্তব্যে অবহেলার জন্য দায়িত্ব থেকে অবসর দেয়া হয়েছে। গাবতলী কেন্দ্রে এইসব শিক্ষক ছাত্রদের নকলের সাথে যুক্ত ছিল বলে জানা গেছে।

মোহনগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এস, এস, সি পরীক্ষার প্রথম দিনে মোহনগঞ্জ সরকারী পাইলট হাইস্কুল কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে ৩ জন ছাত্র, ২ জন ছাত্রী।

বীরগঞ্জ থেকে সংবাদদাতা জানান, চলতি এস, এস, সি পরীক্ষায় বীরগঞ্জ কেন্দ্রে অসৎ উপায় অবলম্বনের দায়ে প্রথমদিনে ২জনকে বহিষ্কার করা হয়েছে এবং ১৪৪ ধারা অমান্য করে নকল সরবরাহকারী ১৩জনকে গ্রেফতার করে জেল হাজতে পাঠিয়ে দেয়া হয়েছে।

এবার এ কেন্দ্রে মোট ৮৪০ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ গ্রহণ করেছে।